



## লাইলাতুল কদর উপলক্ষে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা বার্তা



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

পবিত্র লাইলাতুল কদর উপলক্ষে দেশের জনগণসহ বিশ্ব মুসলিম উম্মাহকে আন্তরিক শুভেচ্ছা ও মোবারকবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

রোববার (১৫ মার্চ) প্রকাশিত এক বাণীতে তিনি বলেন, লাইলাতুল কদর অত্যন্ত মর্যাদাপূর্ণ ও বরকতময় একটি রজনী। রমজানের এই মহিমান্বিত রাতেই নাজিল হয়েছে পবিত্র কোরআনুল কারিম, আর মহান আল্লাহ তাআলা এ রাতকে হাজার মাসের চেয়েও উত্তম হিসেবে ঘোষণা করেছেন।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন, এই রাত মানবজাতির জন্য রহমত, মাগফিরাত ও কল্যাণের বিশেষ বার্তা নিয়ে আসে। ইবাদত, তওবা ও দোয়ার মাধ্যমে সৃষ্টিকর্তার সান্নিধ্য লাভের এক অসাধারণ সুযোগ সৃষ্টি হয় এ সময়।

তিনি আরও বলেন, রমজান সংযম ও আত্মশুদ্ধির মাস। ধৈর্য, সহর্মিতা ও মানবিক মূল্যবোধ চর্চার মাধ্যমে ব্যক্তি ও সমাজজীবনে ইতিবাচক পরিবর্তন আনার শিক্ষা দেয় এই মাস। লাইলাতুল কদরের তাৎপর্য ন্যায়, শান্তি ও সামষ্টিক কল্যাণ প্রতিষ্ঠায় মানুষকে উদ্বুদ্ধ করে।

দেশবাসীর উদ্দেশে প্রধানমন্ত্রী আহ্বান জানান, সবাই যেন এই রাতের গুরুত্ব উপলব্ধি করে বেশি বেশি ইবাদতে মনোনিবেশ করেন এবং মানবকল্যাণে নিজেদের সম্পৃক্ত রাখেন।

বাণীর শেষে তিনি মহান আল্লাহর দরবারে প্রার্থনা করেন, লাইলাতুল কদরের অশেষ রহমত ও বরকত যেন সবার জীবনে বর্ষিত হয় এবং দেশ ও জাতি অগ্রগতি, শান্তি ও সম্প্রীতির পথে এগিয়ে যায়।